

” খ ”

## পরিচিতি ।

বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন (ক) বিদ্যুৎ বিভাগের নিয়ন্ত্রণাধীন ২০০০-২০০১ সালের ৭টি প্রকল্প যথা সিস্টেম লস রিডাকশন পাইলট প্রকল্প, ঢাকা বিদ্যুৎ বিতরণ কোং প্রকল্প (ডেসা অংশ), গ্রীড সিস্টেমের পুনর্বাসন , সংস্কার ও ক্ষমতা বৃদ্ধি করণ প্রকল্প (২য় পর্যায়) ৬০ মেঃ ওঃ শাহজীবাজার গ্যাস টারবাইন পাওয়ার স্টেশন প্রকল্প, বৃহত্তর ঢাকা বিদ্যুৎ বিতরণ প্রকল্প ফেজ-৪ (ডেসা অংশ), বৃহত্তর ঢাকা বিদ্যুৎ বিতরণ প্রকল্প ফেজ-৪ (ডেসকো কম্পোনেন্ট), শাহজীবাজার ৬০ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এবং (খ) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন ৫টি প্রকল্প যথা, কনসালটেন্সী সার্ভিসেস অন ডেভলাপমেন্ট অব এনভায়রনমেন্ট এন্ড সেফটি ম্যানেজমেন্ট সিস্টেম ( ই, এস, এম, এস ) ইন পেট্রোবাংলা প্রকল্প, গ্যাস অবকাঠামো উন্নয়ন প্রকল্প, তৃতীয় প্রাকৃতিক গ্যাস উন্নয়ন প্রকল্প,পার্ট-সি, টেকনিক্যাল এসিসটেন্স ফর ওয়েল এন্ড গ্যাস এক্সপ্লোরেশন এন্ড হিউম্যান রিসোর্স ডেভলেপমেন্ট প্রকল্প, তৃতীয় প্রাকৃতিক গ্যাস উন্নয়ন প্রকল্প (তিতাস গ্যাস অংশ), সর্বমোট ১২টি প্রকল্পের হিসাব অডিট করা হয়। প্রকল্প সমূহের জন্য নির্দিষ্ট কোন হিসাব পদ্ধতি প্রচলিত না থাকায় বাস্তবায়নকারী সংস্থা সমূহ তাহাদের নিজস্ব পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করে। তবে ১৯৯৬-৯৭ বৎসর হইতে সংস্থাসমূহের নিজস্ব হিসাব এর অতিরিক্ত অডিটের মানোন্নয়নের লক্ষ্যে চাহিদা অনুযায়ী নির্দিষ্ট কয়েকটি ছকে প্রকল্পের লেনদেনের তথ্য সংরক্ষণের জন্য প্রকল্প কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। সেই বিষয়ে যথেষ্ট অগ্রগতি সাধিত হইয়াছে।

১) প্রকল্প ভেদে নিম্নরূপ হিসাব পদ্ধতি অনুসৃত হইয়া থাকে:-

- (ক) প্রচলিত সরকারী হিসাব পদ্ধতি।
- (খ) স্বায়ত্তশাসিত ও আধা স্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব হিসাব পদ্ধতি।
- (গ) আংশিক পরিবর্তিত গণপূর্ত হিসাব পদ্ধতি।
- (ঘ) সাধারণ বাণিজ্যিক হিসাব পদ্ধতি এবং
- (ঙ) প্রত্যেক প্রকল্পে নির্দিষ্ট ছকে তথ্য/হিসাব সংরক্ষণ (অডিটের চাহিদা অনুযায়ী)।

২) প্রকল্প সমূহের তহবিলের উৎস নিম্নরূপ:-

- (ক) বাংলাদেশ সরকার কর্তৃক বার্ষিক উন্নয়ন কর্মসূচী অনুযায়ী মঞ্জুরীকৃত অর্থ।
- (খ) বিশ্ব ব্যাংক, এশিয়া উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন বৈদেশিক সাহায্য দাতা সংস্থা কর্তৃক প্রদত্ত ঋণ, অনুদান এবং সাহায্য বাবদ প্রাপ্ত অর্থ।